


**Bangladesh Parjatan Corporation**, Ministry of Civil Aviation & Tourism

Design & planning : Wave Advertising



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

## বাণী

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও 'বিশ্ব পর্যটন দিবস' উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

পৃথিবীর প্রতিটি প্রান্তে ছড়িয়ে রয়েছে প্রাকৃতিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক সৌন্দর্যের অপার সম্ভার। অবারিত এ সৌন্দর্য সম্ভার পর্যটন শিল্প বিকাশের পাশাপাশি বিশ্বে সম্পদ আহরণের উৎস হিসেবে বিবেচিত হচ্ছে। এ প্রেক্ষাপটে বিশ্ব পর্যটন দিবসে এবারের প্রতিপাদ্য "Tourism Enriches" নির্বাচন অত্যন্ত সময়োপযোগী হয়েছে। পর্যটন একটি বহুমাত্রিক শিল্প এবং বিশ্ব অর্থনীতিতে এ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশ পর্যটনের একটি উর্বর ক্ষেত্র। নৈসর্গিক সৌন্দর্য, জীব-বৈচিত্র, প্রাচীন ইতিহাস ও সংস্কৃতি-সমৃদ্ধ এ দেশ পর্যটকদের কাছে আকর্ষণীয়। বৈদেশিক মুদ্রা অর্জন, কর্মসংস্থান এবং দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে দেশে পর্যটন শিল্পের যে অপার সম্ভাবনা রয়েছে তার বাস্তবায়নই হোক বিশ্ব পর্যটন দিবসের প্রত্যাশা।

আমি বিশ্ব পর্যটন দিবসের সার্বিক সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ



প্রতিমন্ত্রী
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশে **"বিশ্ব পর্যটন দিবস"** উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

বিশ্বব্যাপী পর্যটক চলাচলকে উদ্বুদ্ধ এবং পর্যটন সংশ্লিষ্ট সকলকে অনুপ্রাণিত করার লক্ষ্যে ১৯৮০ সন থেকে 'জাতিসংঘ বিশ্ব পর্যটন সংস্থা'র উদ্যোগে ২৭ সেপ্টেম্বর **'বিশ্ব পর্যটন দিবস'** হিসাবে পালিত হয়ে আসছে। এবারের পর্যটন দিবসের প্রতিপাদ্য "Tourism Enriches" অর্থাৎ 'পর্যটনে সমৃদ্ধি' যথার্থই এ যুগের সাথে সামঞ্জস্যপূর্ণ।

বর্তমানে পর্যটন দ্রুত সম্প্রসারণশীল শিল্প। বিশ্বের অনেক দেশের জাতীয় আয়ের সিংহভাগ আসে পর্যটন শিল্প থেকে। সার্কভুক্ত আমাদের নিকটতম প্রতিবেশী মালদ্বীপ, শ্রীলংকা ও নেপাল এর প্রকৃষ্ট উদাহরণ।

বাংলাদেশে ইতিহাস, ঐতিহ্য, বিচিত্র সংস্কৃতি ও জীব-বৈচিত্র, সর্বোপরি বন্ধুবৎসল জনগোষ্ঠী পর্যটন শিল্পের দৃষ্টিকোণ থেকে একটি বিপুল সম্ভাবনাময় জনপদ। পর্যটন শিল্প-সংশ্লিষ্ট এসব উপাদানকে যথাযথ ব্যবহারের মাধ্যমে আমরা জাতীয় সম্পদের ভান্ডারকে সমৃদ্ধকরণ এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রাখতে পারি।

আমি **'বিশ্ব পর্যটন দিবস-২০০৬'**-এর সাফল্য কামনা করছি।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর

# Tourism Industry in Bangladesh

Dr. Mahfuzul Haque

Tourism is the single largest and fast expanding industry in the present day. This industry has been developing rapidly since last half of the past century. The number of tourists all over the world was only 2 crore in 1950, which rose to 80 crore in 2005 with a difference of 55 years and expected to rise to 160 crore in 2020. The income from this industry in 2003 was Tk. 34 lakh crore. There are many countries in the world whose lion's share of income in foreign currency comes from tourism industry.

This industry has a remarkable contribution in creating job opportunity, alleviating poverty and profitable investment. According to World Travel and Tourism Council (WTTC), about 25 crore 50 lakh people were engaged in this industry in 2002. The Council anticipates, this number will be rise to 38 crore in 2006 and within this time the investment will not be less than Tk. 1,04,00000 thousand crore in tourism industry which is 11.1% of the world investment.

Tourism provides not only economic prosperity but also provides people with the opportunity to enrich themselves with new experience, enjoy the rare attractive things of other countries and gather knowledge about them. It is being a process of respectful to the foreign culture, make friendship among different countries contributing a lot to creating assistance and peace all over the world.

There is a vast potentiality to develop this industry in Bangladesh. This country has long tradition to accept the people from far and near for ages with enchanting natural beauty, archaeological and historical monuments, colourful culture and friendly people. A speech of such a tourist 'There are many ways to enter Bangladesh but there is not a single one to exit'.

Tourism industry in Bangladesh started its journey at the time of the establishment of Bangladesh Parjatan Corporation in 1973. Till now about 85 crore taka has been invested in tourism infrastructural development sector through government loan, grants and self-finance. Bangladesh has developed infrastructural sector like hotel, motel, road, culvert, electricity, fuel and transport which is the precondition to develop tourism industry. Now it is possible to reach most of the remote areas of Bangladesh through surface road. The luxurious transports are available in surface road, which make the journey comfortable and safe. The journey from one city to another through inter city express train has squeezed the time of journey. Thus an environment of safe and comfortable visit to the places of tourist attractions in the country has been improved and expanded.

Although Bangladesh Parjatan Corporation started its journey in 1973, the real tourism structural development has been started in 1976. A package programme was taken in 1991 to implement facilities in the country. Hotels/ Motels and Restaurants have been established in Kuakata, Mongla, Teknaf and Dinajpur under the above package programme. A National Tourism Policy was declared in 1992 to encourage investment of the investors of home and abroad to create tourism infrastructure in Bangladesh. Under the National Policy, a national tourism council has been formed headed by the Hon'ble Prime Minister.

Within the continued endeavor of establishing tourism infrastructure, the Government implemented infrastructure development plan for four years from 2001 to 2006 has brightened the tourism map of Bangladesh. During the above plan period, a luxurious motel in Bogra, the gateway of northern part of the country, famous as the capital Mahasthangarh of ancient Bengal, Parjatan motel at Benapole, the largest land port of Bangladesh; and Parjatan Tourist Centre and Restaurant at Sagardari, the birth place of the great poet Michael Modhushudan Dutta have been constructed and all are under operation. The main centre of ecotourism in Bangladesh is at the Chittagong Hill districts. Bangladesh Parjatan Corporation has constructed two Parjatan motels at Khagrachhari and Bandarban to expose the enchanting natural scenery and the colourful culture of the tribal people of this area in the minds of the other people. Besides, five modern luxurious cottages have been constructed at Cox's Bazar, they are named as Tonima, Tonmoy, Totini, Tarongo and Tapati.

The government is not lagging behind in constructing tourism infrastructure under the joint venture project. A children's park with ultramodern rides has already been built on BOT (Build, Operate and Transfer) basis on the adjacent land near Bangladesh Parjatan Corporation Motel at Sylhet. This children's park built by Sylhet Shishu Park Limited has turned into a fantasy world to the children in Sylhet.

Another notable example of Government and private sector initiative is to make Foy's Lake at Chittagong as the international tourism and entertainment centre. The artificial water reservoir of eye-catching Foy's Lake created by the Railway Engineer, Mr. Foy in 1925 making blockade between two hills was left uncared for many days. Under the initiative of the government a tripartite contact between Bangladesh Railway, Bangladesh Parjatan Corporation and Concord Entertainment Company was signed to turn it into a main attraction of entertainment for the tourists from home and abroad. Concord Entertainment Company has taken an ambitious plan of Tk. 100 crore to construct tourism and entertainment infrastructure at Foy's Lake. The first phase of the plan has already been implemented. After the final implementation of the plan, all sorts of facilities of entertainment will be available here.

Not only the construction of international standard tourism and entertainment centre at Foy's Lake but also Bangladesh Railway and Bangladesh Parjatan Corporation will be economically benefited from this project. According to the contract Bangladesh Railway has earned Tk. 16.60 lakh and Tk. 4.92 lakh and Bangladesh Parjatan Corporation has earned Tk. 8.34 lakh and Tk. 2.46 lakh as lease money and gate money respectively from Concord Entertainment Company.

Another example to include the private entrepreneurs in tourism industry is to lease out some hotels/motels of Bangladesh Parjatan Corporation to private management. 'Motel Upal' and 'Labonee' at Cox's Bazar, Parjatan Motel at Sylhet and Parjatan Motel and entertainment centre at Bandarban and 'Mary Anderson' at Narayangonj are being run by the Private Management. Bangladesh Parjatan Corporation has earned Tk. 4 crore and 75 lakh as lease money by leasing out these projects.

The flow of tourist arrival in the country is steadily increasing. Tourists arrival as recorded are 2.44 lakh in 2003, which was increased to 2.71 lakh in 2004 and to 2.75 lakh in 2005. At the same time, the income in foreign currency of the country from this sector was Tk. 320 crore, Tk. 396 crore and 449 core respectively in 2003, 2004 and 2005.

The government has a far reaching plan to develop tourism industry of Bangladesh. In this plan, the construction of a tourist motel and a youth Inn at Kuakata, collection of two tourist coaches, construction of tourist center at Moulvibazar, construction of tourist center at Jaaflong, construction of Ethnic village at Gazipur, introducing snacks corner and toilet facilities at Kantajee temple, expansion of Dinajpur Parjatan Motel, Establishment of tourist facilities at Tangon Barrage, Declaration of Special Tourist Zone at Inani Sea Beach and construction of Parjatan Motel at Tishikhali Majar premises, Natore are the most important projects to mention.

If the present policy of the government to develop tourism industry continues, it is expected that Bangladesh will undoubtedly be able to hold a modest place in the tourist map of South Asia.

**Writer : The Chairman, Bangladesh Parjatan Corporation**



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশেও যথাযথ কর্মসূচির মাধ্যমে বিশ্ব পর্যটন দিবস পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

প্রকৃতির অপার সৌন্দর্যে সমৃদ্ধ সুবজ শ্যামল বাংলাদেশ। এ দেশের প্রাকৃতিক সৌন্দর্যের সাথে প্রত্নতাত্ত্বিক নিদর্শন, সাংস্কৃতিক ঐতিহ্য আর মানুষের বৈচিত্রপূর্ণ জীবনাচার পর্যটকদেরে যুগ যুগ ধরে আকর্ষণ করে আসছে। বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষতার সাথে তাল মিলিয়ে পর্যটন শিল্পেরও দ্রুত বিকাশ ঘটছে।

এবছর বিশ্ব পর্যটন দিবসের প্রতিপাদ্য 'Tourism Enriches'- অর্থাৎ 'পর্যটনে সমৃদ্ধি' খুবই সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

দেশে পর্যটন শিল্পের অগ্রগতিতে সহায়ক যথাযথ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য আমি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানাই। সরকারের পাশাপাশি আমি আশা করি, বেসরকারি প্রতিষ্ঠানও দেশে পর্যটন শিল্পের উন্নতি ও অগ্রগতিতে একযোগে কাজ করে যাবে।

আমি বিশ্ব পর্যটন দিবসের সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।

খালেদা জিয়া



ভারপ্রাপ্ত সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বিশ্ব পর্যটন সংস্থার সদস্য দেশসমূহ প্রতি বছর ২৭ সেপ্টেম্বর **"বিশ্ব পর্যটন দিবস"** হিসেবে যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদযাপন করে থাকে। এবছরও বাংলাদেশ এ দিবসের তাৎপর্য জাতীয়ভাবে প্রতিফলিত করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। এ বছর বিশ্ব পর্যটন দিবসের প্রতিপাদ্য "Tourism Enriches", "পর্যটনে সমৃদ্ধি", বর্তমান বিশ্বে পর্যটন শিল্পের বাস্তবভিত্তিক প্রেক্ষিতে প্রতিপাদ্যটি নির্বাচন অত্যন্ত সময়োপযোগী হয়েছে।

বাংলাদেশের পর্যটন শিল্পের বিকাশ ও প্রসারের ক্ষেত্রে এ সব উপাদান মুখ্য ভূমিকা পালন করে যেমন প্রকৃতি, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও জনগণের জীবনাচার এর সবগুলোই বাংলাদেশে সগর্বে বিদ্যমান। এ প্রেক্ষাপটে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অন্যান্য খাতের পাশাপাশি পর্যটন শিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এর জন্য প্রয়োজন বাংলাদেশ পর্যটন করপোরেশনের পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সম্মিলিত প্রয়াসের। এর বাস্তবায়ন ঘটাতে পারলে বাংলাদেশে পর্যটন শিল্পের উন্নতি সাধিত হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**বিশ্ব পর্যটন দিবস-২০০৬** এর সাফল্য কামনা করি।

আল্লাহ্ হাফেজ
বাংলাদেশ জিন্দাবাদ।

মোঃ শহীদ আলম

## বিশ্ব পর্যটন দিবস-২০০৬ এ আমাদের আহ্বান

গ্রামের লুপ্ত গৌরব ফিরিয়ে আনুন
নিজে দেখুন অন্যকে দেখতে উদ্বুদ্ধ করুন

নগরীর কোলাহল থেকে বহু দূরে পাখি-ডাকা,
ছায়া-ঘেরা, বাংলার সভ্যতার
উৎস কেন্দ্র গ্রামাঞ্চল ভ্রমণ করুন।
বাংলার ইতিহাস, ঐতিহ্য ও সমৃদ্ধ সংস্কৃতিকে আবার
আবিষ্কার করুন।

গড়ে তুলুন গ্রাম-ভিত্তিক পর্যটন কেন্দ্র।
যাকে ঘিরে গড়ে উঠবে নতুন নতুন ব্যবসা,
কুটির শিল্প, কাজ পাবে গ্রামীণ বেকার,

পুষ্ট হবে গ্রামীণ অর্থনীতি।
দেখুন ফিরে ফেলে আসা গ্রামের দিকে।

– বাংলাদেশ পর্যটন করপোরেশন